

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৩.২২.০০০১.২৫.২০৬

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩  
২৪ মে ২০২৬

বিষয়: মাগুরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাগুরার প্রাক্তন লাইব্রেরীয়ান মরহুম নাজমুল হাসান এর বিধবা স্ত্রী মনোয়ারা খাতুন এর নামে মরহমের প্রাপ্য আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুরী প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এ অধিদপ্তরাধীন মাগুরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাগুরার প্রাক্তন লাইব্রেরীয়ান মরহুম নাজমুল হাসান চাকরির অবস্থায় গত ১৪/১১/২০২২ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। নাজমুল হাসান এর মৃত্যুজনিত কারণে মরহমের উত্তরাধিকারীগণ কর্তৃক মনোনীত উত্তরাধিকারী হিসেবে তাঁর একমাত্র বিধবা স্ত্রী জনাব মনোয়ারা খাতুন তার স্বামীর প্রাপ্য আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুরীর জন্য নির্ধারিত ফরমে আবেদন করেছেন।

উক্ত কর্মচারীর অবসরের তারিখে শেষ মাসিক গৃহীতব্য মূলবেতন ২৩,৬৬০/- টাকা। তাঁর চাকরিকাল ২৫ বছরের নিম্নে অর্থাৎ ২১ বছর ০১ মাস ২৭ দিন হওয়ায় ২১ বছরের প্রেক্ষিতে পেনশনের হার ৭৫% হিসাবে মোট অবসরভাতার পরিমাণ (২৩,৬৬০ x ৭৫%) = ১৭,৭৪৫/- টাকা। মোট অবসরভাতার অর্ধাংশ (১৭,৭৪৫ x ০.৫) = ৮,৮৭২/৫০ টাকা। আনুতোষিকের জন্য অবসরভাতার ১ম অর্ধাংশের বিনিময়ে প্রতি ১/- টাকার পরিবর্তে ২৩০/- টাকা হারে মোট আনুতোষিক (৮,৮৭২/৫০ x ২৩০/-) = ২০,৪০,৬৭৫/- (বিশ লক্ষ চল্লিশ হাজার ছয়শত পঁচাত্তর) টাকা এবং ১৪/১১/২০২২ খ্রিঃ তারিখ হতে মাসিক ৮,৮৭২/৫০ (আট হাজার আটশত বাহাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা হারে পারিবারিক অবসরভাতা মঞ্জুরী প্রদান করা হলো।

মরহমের বিধবা স্ত্রী জনাব মনোয়ারা খাতুন এর অনুকূলে পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারীর জন্য নিম্নবর্ণিত কাগজ পত্রাদি পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো:

ক)	পারিবারিক পেনশন ফরম ২.২ ও পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)	০১ কপি
খ)	মৃত্যু সনদ	১ কপি
গ)	ল্যান্ডগ্রান্ট মঞ্জুরী আদেশের কপি	১ কপি
ঘ)	শেষ বেতনের সনদপত্র	১ কপি
ঙ)	নমুনা স্বাক্ষর ও পাচ আঙ্গুলের ছাপ	১ কপি
চ)	না-দাবী প্রত্যয়ন পত্র	১ কপি
ছ)	উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	১ কপি
জ)	অবিভাবক মনোনয়ন এবং ওয়রিশপন কর্তৃক ক্ষমতা অর্পন	১ কপি
ঝ)	এস এস সি সনদের সনদ	১ কপি
ঞ)	জাতীয়তা সনদ	১ কপি

৪। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৪-০৫-২০২৬  
মোঃ রেজাউল হক  
পরিচালক ভোকেশনাল

ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
মাগুরা।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৩.২২.০০০১.২৫.২০৬/১ (৪)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩  
২৪ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যক্ষ, মাগুরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাগুরা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, তাকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। জনাব মনোয়ারা খাতুন, স্বামী: মরহুম, গ্রাম: দক্ষিণ ভবানীপুর, ডাকঘর: + উপজেলা + জেলা: রাজবাড়ী।
- ৪। সংশ্লিষ্ট, নথি।



০১-০৬-২০২৬  
নাসরীন সুলতানা  
সহকারী পরিচালক